

তারিখঃ ১২/০৮/২০২১ (পৃঃ ০৬)

কাহারোলে সুগন্ধি জাতের ধান চাষে ব্যস্ত কৃষক

■ কাহারোল (দিনাজপুর) সংবাদদাতা

শ্রাবণের শেষ সপ্তাহে কাজিফত বৃষ্টি হওয়ায় কাহারোলে এখন সুগন্ধি ব্রি ধান-৩৪ আবাদে ব্যস্ত সময় পার করছেন আমন চাষিরা। কাহারোল কৃষি অধিদপ্তর সূত্রে জানা গেছে, চলতি মৌসুমে উপজেলায় ৩ হাজার ৫০০ হেক্টর জমিতে সুগন্ধি ব্রি ধান-৩৪ আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বোরো মৌসুমে ধানের ফলন ও দাম ভালো পাওয়ায় এবার আমন আবাদে ঝুঁকছেন চাষিরা। চাষি



মো. মফিজ উদ্দীন জানান, তিনি ১২ বিঘা জমিতে সুগন্ধি ব্রি ধান-৩৪ জাতের ধান আবাদ করছেন। কাহারোল কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কৃষি কর্মকর্তা কৃষিবিদ আবু জাফর মো. সাদেক জানান, কৃষকদের আমন চাষে সব প্রকার সহযোগিতা ও পরামর্শ দিচ্ছে কৃষি বিভাগ।